

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০২৮.০১.০৯৮.১০.-১৯০

তারিখঃ- ১১/০৫/২০১৬খ্রিঃ।

বিষয়ঃ শরীয়তপুর জেলাধীন গোসাইরহাট উপজেলার ঋণ কার্যক্রমের অভ্যন্তরীণ নিরীক্ষাকরণ সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ১০/০৪/২০১৬খ্রিঃ তারিখে ফরিদপুর জেলায় ঋণ কার্যক্রমের আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় শরীয়তপুর জেলার গোসাইরহাট উপজেলা নিরীক্ষাকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত মোতাবেক জনাব ফ মোঃ সরোয়ার মোর্শেদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুরকে নিরীক্ষা করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

তিনি জরুরীভিত্তিতে নিরীক্ষা সম্পাদন ও দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আগামী ৩০/০৬/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে নিরীক্ষা প্রতিবেদন দাখিল করবেন।

তিনি উপজেলার নিম্নোক্ত বিষয়গুলো নিরীক্ষা করবেনঃ

- ১। নিরীক্ষা কালঃ কর্মসূচীর শুরু হতে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত অথবা পূর্ববর্তী অডিট সম্পাদনের পর হতে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত।
- ২। মূলঋণ তহবিল ও ঘূর্ণায়মান ঋণ তহবিলের পরিমাণ ও উপকারভোগী সংখ্যা নিরূপণ ও যাচাইকরণ;
- ৩। বিতরণ রেজিস্টার, বিতরণের পরিমাণ, ৫% অগ্রীম সঞ্চয়, ব্যক্তিগত সঞ্চয়, আদায়যোগ্য ও আদায়কৃত ঋণের পরিমাণ, সার্ভিস চার্জের পরিমাণ নিরূপণ ও যাচাইকরণ;
- ৪। কিস্তি খেলাপী ও খেলাপী ঋণের পরিমাণ ও সঠিকতা নিরূপণ/যাচাই এবং কিস্তি খেলাপী/খেলাপী ঋণের টাকা আত্মসাত হয়েছে কিনা থাকলে প্রমানকসহ দায়-দায়িত্ব নির্ধারণ;
- ৫। সকল হিসাবের ব্যাংক বিবরণী(অর্জিত সার্ভিস চার্জসহ) অডিট টীম কর্তৃক ব্যাংক হতে সরেজমিনে সংগ্রহ করে কার্যালয়ের রিপোর্টের সাথে তুলনাকরণ;
- ৬। উপজেলার উভয় কর্মসূচীর ঋণ কার্যক্রম নিরীক্ষা করবেন;
- ৭। উক্ত উপজেলার সকল কর্মসূচির বিতরণকৃত ঋণের কমপক্ষে ১৫% নথি যাচাই এবং খেলাপী ঋণের কমপক্ষে ১৫% উপকারভোগী পাশ বই সরেজমিনে গমন করে পরিদর্শনপূর্বক অফিস লেজারের সাথে মিল/অমিল তুলনা করে আত্মসাত হয়েছে কিনা (প্রমানকসহ) উদ্ঘাটন বা নিরূপণ;
- ৮। কর্মকর্তা/কর্মচারীদের জামিনদারিত্বে আত্মীয়স্বজনকে প্রদানকৃত ঋণের পরিমাণ ও জামিনদারের নাম,পদবী, ঠিকানা, ঋণ প্রদানের তারিখ/অনাদায়ী ঋণের পরিমাণ নির্ধারণ করে তালিকা সংযোজন।
- ৯। উক্ত উপজেলায় উপকরণ ঋণ কর্মসূচীর ক্ষেত্রে প্রধান কার্যালয়ের ০৩/০৬/২০১২ খ্রিঃ তারিখের যুউঅ/দাঃ বিঃ ও ঋণ/উপকরণ /৮৯/২০১০-১২২ সংখ্যক সম্বলিত পত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনপূর্বক কার্যাদি সম্পাদন হয়েছে কিনা তা নিরূপণ।
- ১০। প্রধান কার্যালয়ের নির্দেশনা মাফিক আত্মকর্মসংস্থানের তথ্য যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে কি না এবং রিপোর্ট দেয়া হচ্ছে তা যাচাই করতে হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

  
১১/৫/২০১৬  
(ফারিহা নিশাত)  
সহকারী পরিচালক(দাঃবিঃওঋণ)  
ফোন : ৯৫৬৭৭২১

নং-৩৪.০১.০০০০.০২৮.০১.০৯৮.১০.-১৯০

তারিখঃ- ১১/০৫/২০১৬খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

- ০১। পরিচালক(প্রশাসন/দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, শরীয়তপুর/ফরিদপুর।
- ০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, গোসাইরহাট, শরীয়তপুর/নগরকান্দা, ফরিদপুর।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৫। অফিস কপি।

  
১১/৫/২০১৬  
(ফারিহা নিশাত)  
সহকারী পরিচালক(দাঃবিঃওঋণ)